

💵 আতৃ তারগীব ওয়াতৃ তারহীব

হাদিস নাম্বারঃ ৫২৮

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪) রুকৃ'-সিজদা পরিপূর্ণ না করা, মেরুদন্ড সোজা করে না দাঁড়ানোর ব্যাপারে ভীতি প্রদর্শন ও একাগ্রতার সাথে নামায আদায় করার ব্যাপারে যে নির্দেশ এসেছে তার বর্ণনা

الترهيب من عدم إتمام الركوع والسجود وإقامة الصلب بينهما وما جاء في الخشوع

আরবী

(حسن) و عَنْ أَبِي عَبْدِ اللَّهِ الأَشْعَرِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ ، أَن رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَى رَجُلا لا يُتِمَّ رُكُوعَهُ يَنْقُرُ فِي سُجُودِهِ وَهُوَ يُصلِّي ، فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : لَوْ مَاتَ هَذَا عَلَى حَالِهِ هَذِهِ مَاتَ عَلَى غَيْرِ مِلَّةِ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : مَثَلُ الَّذِي لا يُتِمُّ رُكُوعَهُ ويَنْقُرُ فِي سُجُودِهِ ، مَثَلُ الْذِي لا يُتِمُّ رُكُوعَهُ ويَنْقُرُ فِي سُجُودِهِ ، مَثَلُ الْجَائِعِ يَأْكُلُ التَّمْرَةَ وَالتَّمْرَتَانِ لا يُغْنِيَانِ عَنْهُ شَيْئًا ، قَالَ أَبُو صَالِحٍ : قُلْتُ لأَبِي عَبْدِ اللَّهِ : مَنْ حَدَّثَكَ بِهَذَا عَنْ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ؟ قَالَ : أُمَرَاءُ لللهِ عَنْدُ بيلُ بن حَسَنَةَ سَمِعُوهُ مِنْ الْأَجْنَادِ : عَمْرُو بن الْعَاصِ ، وَخَالِدُ بن الْوَلِيدِ ، وَشُرَحْبِيلُ بن حَسَنَةَ سَمِعُوهُ مِنْ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . وَشَارً رَبُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . وَضَالَمُ . وَشَالً اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . وَشَالً اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . وَشُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ . وَشَلَّم بَنْ الْقَالِدِ ، وَشُرَحْبِيلُ بن حَسَنَةَ سَمِعُوهُ مِنْ رَسُولِ اللّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .

رواه الطبراني في الكبير وأبو يعلى بإسناد حسن وابن خزيمة في صحيحه

বাংলা

৫২৮. (হাসান) আবু আবদুল্লাহ আশআরী থেকে বর্ণিত। একদা রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দেখলেন একজন লোক নামায আদায় করছে কিন্তু পরিপূর্ণরূপে রুকৃ' করে না এবং ঠোকর দেয়ার মত করে সিজদা করছে। তখন রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ "এ লোক যদি এই অবস্থায় মৃত্যু বরণ করে, তবে মুহাম্মাদ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর ধর্মের বাইরে মৃত্যু বরণ করবে।"

তারপর রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ ''যে ব্যক্তি পরিপূর্ণরূপে রুকৃ' করে না এবং ঠোকর দেয়ার মত করে সিজদা করে তার উদাহরণ সেই ক্ষুধার্ত ব্যক্তির সাথে যে একটি বা দু'টি খেজুর খায় কিন্তু তাতে তার ক্ষুধা নিবারণ হয় না।''

আবু সালেহ বলেন, আমি আবু আবদুল্লাহকে জিঞ্জেস করলাম রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)থেকে



কে তোমার কাছে এই হাদীছ বর্ণনা করেছেন? তিনি বললেন, সৈনিকদের কয়েকজন সেনাপতিঃ আমর বিন আস, খালেদ বিন ওয়ালিদ এবং শুরাহবিল বিন হাসানা (রাঃ)। তাঁরা সবাই রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট থেকে শুনেছেন।

(হাদীছটি বর্ণনা করেন, ত্বরানী, আবু ইয়ালা ৭১৮৪ ও ইবনে খুযায়মা ১/৩৩২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু আবদুল্লাহ আশআরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন